

# পরিবীক্ষণ, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি

## ১। বাল্যবিবাহ প্রতিরোধ :

বিগত ১১/১২/২০১৬ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভীর সভাপতিত্বে বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর ২৮-৩২ নং ক্রমিকের সিদ্ধান্তসমূহ কার্যকরভাবে বাস্তবায়নে সমাজের সাধারণ মানুষের মাঝে বিশেষ করে মহিলাদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন সভা,সেমিনার, উঠান বৈঠক এবং বিভিন্ন ট্রেনিং প্রোগ্রামে উক্ত বিষয়ে আলোচনাসহ মানববন্ধন করা হয়। এছাড়াও ভিডিও প্রদর্শনী, কাজী ও পুরোহিতদের নিকট থেকে বাল্য বিবাহ পড়ানো হবে না মর্মে অঙ্গীকার নামা গ্রহণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়িত হয়। উপরোক্ত বিষয়ে তথ্য সংগ্রহপূর্বক সন্নিবেশিত আকারে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করাসহ অত্র শাখায় সংরক্ষিত হয়।

বাল্যবিবাহ হতে জুলাই'১৭ হতে জুন'১৮ পর্যন্ত ১০,০৬০ জন শিশু পরিত্রাণ পেয়েছে। বাল্যবিবাহ হতে পরিত্রাণ পেয়েছে এমন শিশুদের নাম ও ঠিকানা জেলা /উপজেলা হতে প্রাপ্ত তথ্য সংকলন করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রতিমাসে প্রেরণ করা হয়।

## ২। কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধ :

কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধে মহামান্য আদালতের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন এর আলোকে অত্র অধিদপ্তরে গত ২৪/১০/২০১০ তারিখে ০৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি Complaint কমিটি গঠন করা হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের নীচ তলায় একটি অভিযোগ বাস্তব রাখা হয়েছে। অভিযোগকারী মৌখিক ও টেলিফোনে কিংবা লিখিত অভিযোগ প্রদান করতে পারেন। Complaint কমিটি একটি অভিযোগের তদন্ত কার্য সম্পাদন করেছে। অধিদপ্তরের Complaint কমিটির সভা প্রতি দুই মাস পর পর অনুষ্ঠিত হয়ে থাকে। ৬৪টি জেলার জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে Complaint কমিটি গঠন করা হয়েছে। কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধ বিষয়ক স্টীকার প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। জুলাই'১৭ হতে জুন'১৮ পর্যন্ত প্রধান কার্যালয়সহ Complaint কমিটির ২৬০টি সভা অনুষ্ঠিত হয়েছে।

## ৩। অটিজম বিষয়ক :

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচি, কিশোর-কিশোরী ক্লাব কর্মসূচির প্রশিক্ষণ মডিউলসহ অন্যান্য সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচির উপকারভোগীদের জন্য আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচি এবং উঠান বৈঠকে অটিজম বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।

মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রশিক্ষণ একাডেমী কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে এ পর্যন্ত ২৩৭ জন জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের অবহিতকরণ করা হয়েছে। গত ০২-০৪-২০১৮ হতে ০৪-০৪-২০১৮ তারিখ পর্যন্ত বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালন উপলক্ষ্যে ০৩ (তিন) দিনব্যাপী সদর কার্যালয়সহ ৬৪টি জেলা কার্যালয়ে এবং ৪৮০টি উপজেলায় নীল বাতি প্রজ্জ্বলন করা হয়।



## ৪। মানব পাচার প্রতিরোধ :

মানব পাচার প্রতিরোধে জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ নিয়মিতভাবে উপকারভোগীদের সচেতন করেন। এ সকল কর্মসূচীর তথ্য সংগ্রহপূর্বক সন্নিবেশিত আকারে প্রতিবেদন প্রতিমাসে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। জেলা ও উপজেলা হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী ১৪,৫০০টি উঠান বৈঠকের মাধ্যমে ৭,৬৮,৫৬৯ জন উপকারভোগীকে সচেতন করা হয়।

নারী ও শিশু পাচার প্রতিরোধে যে সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কাজ করছে তাদের সমন্বয়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের নেতৃত্বে “Alliance to Combat Trafficking in Women and Children (ACTWC)” নামে ২০১১ সালে একটি জোট গঠন করা হয়েছে।

## ৫। জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) সংক্রান্ত :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ১১-০২-২০১৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) এর সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির (বিস্তারিত) প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রতিমাসে প্রেরণ করা হয়।

## ৬। গণপরিবহনে নারী নিগ্রহ রোধ সংক্রান্ত বিষয়ে কর্মপরিকল্পনা:

গণপরিবহনে নারী নিগ্রহ রোধ সংক্রান্ত বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়াধীন আছে।

## ৭। মাননীয় প্রধানমন্ত্রীর শেখ হাসিনার বিশেষ উদ্যোগ এবং ব্র্যান্ডিং কার্যক্রম বিষয়ক:

“শেখ হাসিনার বিশেষ উদ্যোগ” এবং ব্র্যান্ডিং কার্যক্রম বিষয়ে অত্র অধিদপ্তরে বিগত ০৪-১০-১৭ তারিখে ০৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। অধিদপ্তর এবং জেলা-উপজেলা হতে প্রেরিত সকল চিঠি পত্রে “শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা” শ্লোগানটি লেখা বাধ্যতামূলক করা হয়। সদর কার্যালয়ের মূল ফটকে লাইটিং এর মাধ্যমে “শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা” শ্লোগানটি স্ক্রল আকারে দেয়া, ব্যাপক প্রচারের জন্য B.T.V তে scrolling এ “শেখ হাসিনার বারতা নারী - পুরুষ সমতা” শ্লোগানটি বিজ্ঞপ্তি আকারে দেয়া এবং ব্র্যান্ডিং কার্যক্রম সংক্রান্ত একটি লিফলেট প্রণয়ন প্রক্রিয়াধীন আছে।

-----